

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২৩১

আগরতলা, ২৭ মার্চ, ২০২৫

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের দারিদ্র দূরীকরণ বিষয়ক স্থায়ী কমিটির সভা

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে গতকাল জিলা পরিষদের দারিদ্র দূরীকরণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। স্থায়ী কমিটির সভাপতি নিয়তি ভৌমিক-এর সভাপতিতে অনুষ্ঠিত এই সভায় জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, কমিটির সদস্য-সদস্যাগণ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের প্রতিনিধি জানান, ২০২৪-২৫ অর্থবছরের ১২ মার্চ পর্যন্ত পশ্চিম ত্রিপুরা জেলায় ৬১,৫৬৩টি বাড়িতে জল জীবন মিশন প্রকল্পে পাইপ লাইনে পানীয় জনের সংযোগ দেওয়া হয়েছে। নতুন করে ২টি গভীর নলকূপ খনন করা হয়েছে এবং ৩টি গভীর নলকূপ খননের কাজ চলছে। পাইপ লাইন সম্প্রসারণ করা হয়েছে ১৯১ কিলোমিটার। এছাড়া ১১৮টি আয়রন রিম্যুভাল প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। সভায় ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন এবং বন দপ্তরের আধিকারিকগণ নিজ নিজ দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক তথ্য তুলে ধরেন।
